


৫ নভেম্বর ২০২৩ রোববার

sports@jjdbd.com

। যায়যায়দিন

১৯৮৪ থেকে



এনএসইউতে স্প্রিং ২০২৪ সেমিস্টারের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২০২৪ সালের স্প্রিং সেমিস্টারের ভর্তি পরীক্ষা শনিবার অনুষ্ঠিত হয়েছে। এতে বিভিন্ন বিভাগে ভর্তির জন্য প্রায় ৬ হাজার পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতায় অংশ নিয়েছেন। এছাড়া নির্বিঘ্ন ভর্তি পরীক্ষা নিশ্চিত করতে প্রায় ৮০০ ফ্যাকাল্টি এবং প্রশাসনিক কর্মী নিয়োজিত ছিল। পরীক্ষাটি সকাল ১০টায় শুরু হয়ে দুপুর ১টায় শেষ হয়।

ভর্তি পরীক্ষা উপলক্ষে ক্যাম্পাসে পরিবেশ ছিল উৎসবমুখর। পরীক্ষার্থীদের উৎসাহ ও সমর্থন জানাতে অনেক অভিভাবকও এনএসইউ ক্যাম্পাসে অবস্থান করেন। বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ডক্টর এম ইসমাইল হোসেন, রেজিস্ট্রার আহমেদ তাজমীন, স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সাইন্সের ডিন অধ্যাপক হাসান মাহমুদ রেজা, স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিক্সের ডিন অধ্যাপক হেলাল আহমেদ, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সের ডিন অধ্যাপক জাবেদ বারী, ডিন, স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সাইন্সের ডিন অধ্যাপক আবদুর রব খান,

অফিস অব অ্যাডমিশনের (আন্ডারগ্রাড) পরিচালক অধ্যাপক কে এম এ সালাম, অফিস অব স্টুডেন্ট অ্যাকাডেমির পরিচালক অধ্যাপক গৌর গোবিন্দ গোস্বামী ও বিভিন্ন ডিপার্টমেন্টের পরিচালকরা পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

এ সময় শিক্ষার্থীদের খোঁজখবর নেন তারা। সমবেত অভিভাবকদের উদ্দেশ্যে অধ্যাপক ডক্টর এম ইসমাইল হোসেন তাদের সন্তানদের উচ্চশিক্ষার জন্য এনএসইউকে বেছে নেওয়ায় ধন্যবাদ জানান। তিনি বলেন, 'এটি এনএসইউতে উন্নত শিক্ষা, পরিবেশ ও সুযোগ-সুবিধার বহিঃপ্রকাশ। আমরা বিশ্বাস করি নতুন ব্যাচের শিক্ষার্থীরা আমাদের ক্যাম্পাসে নতুন মাত্রা যোগ করবে।'

পরীক্ষার সময় সব পরীক্ষার্থীকে এনএসইউর পক্ষ থেকে খাবার, পানি এবং জুসসহ প্রয়োজনীয় সুযোগ-সুবিধা সরবরাহ করা হয়। এছাড়া এক সপ্তাহের মধ্যে ভর্তি পরীক্ষার ফলাফল ঘোষণার প্রতিশ্রুতি দিয়ে ফলাফলের জন্য এনএসইউর অফিসিয়াল ওয়েবসাইটে যাওয়ার আহ্বান জানানো হয়। ■ সংবাদ বিজ্ঞপ্তি